The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 857 | 14 February 2025 | শুক্রবার ০১ ফাল্গুন ১৪৩১



Horrified with 'Aynaghar', Yunus says 'never again' >> Page 19

Debate over NYC congestion pricing exemptions won't die >> Page 18





Sabina to return with new song, teams up with Abdul Hadi >> Page 19

NYC advocates condemn Mayor Adams' stance on sanctuary policies >> Page 18



# নির্বাচনী ট্রেনে বাংলাদেশ

মনোয়ারুল ইসলাম, *ঢাকা থেকে*

## ৬ ডিসেম্বর নির্বাচনের সম্ভাবনা

**বিএনপি আশ্বস্ত হলেও নিশ্চিত নয়**

**শতাধিক আসনে জামায়াতের প্রার্থীতা ঘোষণা**

বিজয়ের মাসেই নির্বাচন। তা ৬ ডিসেম্বরেই হবার সম্ভাবনা। এই ডিসেম্বরেই পাকহানাদার বাহিনী ৭১'র মহান মুক্তিযুদ্ধে আত্মসর্মপন করেছিল। বাঙ্গালী স্বাধীণতা প্রাপ্তি ও বিজয় উল্লাসে মেতে উঠেছিল। আরেকটি যুদ্ধের বিজয় ছিল ১৯৯০ সালের ৬ ডিসেম্বর। ১৯৮২ থেকে ১৯৯০ পর্যন্ত বাংলার জনগন লড়াই করেছে স্বৈরাচারি এরশাদ সরকারের বিরুদ্ধে। টানা ৮ বছর লড়াই ও ছাত্রজনতা আন্দোলনে ৬ ডিসেম্বর স্বৈরাচারি এরশাদ পদত্যাগ করে। ২০২৪ এর ৫ আগষ্ট ফ্যাসিবাদ শেখ হাসিনার শাসনের অবসান ঘটে। গঠিত হয় ড. ইউনূসের নেতৃত্বে অর্ন্তবর্তীকালীন সরকার। যাদের প্রধান কাজ হচ্ছে, একটি স্বচ্ছ, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে বিজয়ী দল বা জোটের কাছে দেশের শাসনভার ন্যস্ত করা। সাথে সংযুক্ত হয়েছে নির্দিষ্ট কিছু সেক্টওে সংস্কার। সংস্কার ও নির্বাচনী আয়োজন পাশাপাশি চালানোর পক্ষে অধিকাংশের মতামত। সে পথেই এগুচ্ছেন ইউনূস। জাপানের এনএইচকে টেলিভিশনকে দেওয়া সাক্ষাৎকারে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস আগামী ডিসেম্বরের মধ্যে নির্বাচন হবে বলে ইঙ্গিত দিয়েছেন। আর্ন্তজাতিক সম্প্রদায়কেও ডিসেম্বরে নির্বাচন করার ব্যাপারে অভিমত জানিয়েছেন। নির্বাচন কমিশনও জানিয়েছে, ডিসেম্বরে নির্বাচনের আয়োজন সম্ভব। বাংলাদেশ নির্বাচনী ট্রেন উঠে পড়েছে। তা বলাই যায়। ড. ইউনূস রাজনৈতিক দলগুলোকে আশস্ত করে বলেছেন, ডিসেম্বরের মধ্যেই জাতীয় সংসদ নির্বাচন হবে। প্রধান রাজনৈতিক দল বিএনপি আশস্ত হলেও নিশ্চিত হতে পারছে না। বাইরের তৎপরতা দেখে অনেকে এরপর ২৬ পৃষ্ঠায়

## বিএনপি-জামায়াত প্রেমে রণভঙ্গ?

**জামায়াতে ইসলামী মুনাফেক : রিজভী**

**রিজভীর বক্তব্য জাতীয় ঐক্য বিরোধী : জামাত নেতা মতিউর**

প্রত্যয় ইসলাম

বিএনপি ও জামায়াতের মধুচন্দ্রিমা সাঙ্গ হবার পথে। পথ পরিক্রমায় রাজনীতির এই ২ মিত্রশক্তি ভিন্ন পথে হাঁটতে শুরু করেছে। আর এর মূল কারণ আগামীতে শাসন ক্ষমতা দখলের প্রতিযোগিতা। আওয়ামী লীগের রাজনৈতিক অনুপস্থিতিতে এ দুটি শক্তিই মুখোমুখি। জামায়াতে এরপর ২৬ পৃষ্ঠায়




## ইমিগ্রেশন নিয়ে সোসাইটির বিশেষজ্ঞ সভা

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র সরকারের ইমিগ্রেশন সংক্রান্ত সাম্প্রতিক তৎপরতায় আতঙ্কিত প্রাবসী বাংলাদেশিদের আতঙ্কিত না হওয়েয় সচেতন ও সতর্কতার সঙ্গে চলাচলের পরামর্শ দিলেন ইমিগ্রেশন বিশেষজ্ঞরা। একই সঙ্গে এ ধরনের কোন পরিস্থিতিতে পড়লে দ্রুত আইনজীবির সঙ্গে যোগাযোগের কথা বলেছেন তারা।

প্রবাসী বাংলাদেশিদের সহযোগিতায় সোসাইটি বিভিন্ন পদক্ষেপের পাশাপাশি বর্তমান পরিস্থিতি নিয়ে আয়োজিত এক পরামর্শ সভায় ইমিগ্রেশন বিশেষজ্ঞরা এসব পরামর্শ দেন। গত ১০ ফেব্রুয়ারি জ্যাকৎস হাইটসের নবান্ন হলে আয়োজিত সভায় তিনজন ইমিগ্রেশন এটর্নী খায়রুল এরপর ২৬ পৃষ্ঠায়



## মেয়রের মামলা প্রত্যাহারে প্রসিকিউটরের পদত্যাগ

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামসের বিরুদ্ধে দুর্নীতির মামলা প্রত্যাহারের জন্য বিচার বিভাগ থেকে আদেশের পর ম্যানহাটনের শীর্ষ ফেডারেল প্রসিকিউটর বৃহস্পতিবার পদত্যাগ করেছেন। এই ঘটনা এখন এক নেতিবাচক দৃষ্টান্ত হয়ে দাঁড়িয়েছে। যুক্তরাষ্ট্রের এরপর ২৬ পৃষ্ঠায়

**জুলাই-আগষ্ট আন্দোলন নিয়ে জাতিসংঘের প্রতিবেদন**

## হাসিনা নিজেই হত্যার নির্দেশদাতা

■ আ.লীগ সমর্থকরা যৌন নির্যাতন চালিয়েছে ■ হাসিনা লাশ লুকিয়ে রাখারও নির্দেশ দেন ■ আইনশৃংখলা বাহিনীর অস্ত্র সরবরাহ করতো আ. লীগ সর্মথকদের ■ ১৪শ মানুষকে হত্যা করা হয়েছে

আজকাল রিপোর্ট

আওয়ামী লীগের নিপীড়ন ও জুলাই-আগষ্টের আন্দোলন নিয়ে তদন্ত প্রতিবেদন প্রকাশ করেছে জাতিসংঘ মানবাধিকার কমিশন। এতে বলা হয়েছে, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্দোলন দমনে নিজেই বিক্ষোভকারীদের ওপর গুলি চালানোর নির্দেশ দিয়েছিলেন। দিয়েছিলেন হত্যার এরপর ২৬ পৃষ্ঠায়

## জন্ম নাগরিকত্ব বাতিল আদেশ আটকে গেল আদালতে

আজকাল রিপোর্ট

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাসরত অভিবাসিদের সন্তানকে জন্মসূত্রে নাগরিকত্বের অধিকারকে রদ করতে এক নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন। তৃতীয় ফেডারেল বিচারপতি সেই নির্বাহি আদেশকে গত ১০ ফেব্রুয়ারি আটকে দিয়েছেন। গত সপ্তাহে সিয়াটল ও মেরিল্যান্ডের বিচারপতিদের দুজনের একইরকম রায়ের পর নিউ হ্যাম্পশায়ারের ডিসট্রিক্ট এরপর ২৬ পৃষ্ঠায়

## বাংলাদেশে স্টারলিংক আনতে ইউনূস-ইলন মাস্ক আলোচনা

মাসুদ করিম, *ঢাকা থেকে*

বাংলাদেশে স্টারলিঙ্ক স্যাটেলাইট ইন্টারনেট সার্ভিস আনতে স্পেসএক্স, টেসলা ও এক্সের প্রা‌ি ইলন মাস্কের সঙ্গে বৃহস্পতিবার ভিডিও আলোচনা করেছেন প্রধান এরপর ২৬ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections ▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

অ্যাক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
PCA & CDPAP SERVICE
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
Design by: ihopeprint.com, 929-538-7903
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416



NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

# চোখের বদলে চোখ

চিররঞ্জন সরকার

> গণতান্ত্রিক ব্যবস্থা কার্যকর করতে এবং জাতি হিসেবে এগিয়ে যেতে হলে আমাদের বিরাজমান রাজনৈতিক সংস্কৃতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনতে হবে। আর এর জন্য প্রয়োজন ক্ষমতার নিয়ন্ত্রক ও পরিচালকদের মানসিকতার পরিবর্তন। মানসিকতার পরিবর্তন হলেই কেবল আচরণ বদলাবে এবং আচরণ বদলালেই রাজনীতিতে পরস্পরের প্রতি শ্রদ্ধা ও সহযোগিতাভিত্তিক সংস্কৃতি সৃষ্টির পথ প্রশস্ত হবে, ঘৃণাবোধের অবসান ঘটবে। এ কথা বলার অপেক্ষা রাখে না যে, রাজনীতিতে প্রতিহিংসাপরায়ণতা ও ঘৃণাবোধের পরিণতি ভয়ংকর হতে বাধ্য। শুধু ইটের বদলে পাটকেল, মারের বদল মার, চোখের বদলা চোখ হলে হানাহানিই কেবল চলতে থাকবে। মহাত্মা গান্ধীর কথাটা আমাদের মনে রাখা উচিত যে, চোখের বদলে চোখ নিলে সারা পৃথিবী অন্ধ হয়ে যায়। আমরা নিশ্চয়ই কেউ অন্ধের সমাজ চাই না!




ইটের বদলে পাটকেল/আর চোখের বদলে চোখ/পৃথিবীটা অন্ধ হয়তো হোক'-এই মন্ত্রেই যেন এখন সবাই চলছে। চারদিকে কেবল হিংসা আর হিংসা। চারদিকে সম্মিলিত কণ্ঠে অবিরত ঘোষণা আসছে-'ওকে ঘৃণা জানাও', 'ওর গায়ে থুতু দাও', 'ওকে স্তব্ধ কর', 'ওকে দেশদ্রোহী কর', 'ওকে বিনাশ কর'। মানুষ এখন হিংসা ছাড়া যেন আর কিছুই চিন্তা করতে পারে না। মানুষই বোধ হয় একমাত্র প্রাণী, যে অস্তিত্ব টিকিয়ে রাখার অনিবার্যতার বাইরেও জারি রাখে অন্য এক লড়াই। সে লড়াই হিংসার চাবুক হাতে, নিরতিশয় লোভ, ক্ষমতা, আধিপত্য ও আগ্রাসনের পিঠে চড়ে বিশ্বের নানা প্রান্তে ছড়িয়ে দেয় হিংসার বীজ। অযুত সংঘর্ষের জন্ম দেয়। অথচ আমরা সবাই জানি যে, হিংসা একটি দুষ্টচক্রের মতো, একটি ভাইরাসের মতো। হিংসা শত্রুর অন্তরে কেবলই বুনে চলে নিজের বীজ। হিংসা দিয়ে কেউ নিজের লক্ষ্যে পৌঁছাতে পারে না, শত্রুকে সঙ্গে নিয়ে কেবলই ঘুরতে থাকে শত্রুর বৃত্তে এবং পরিণামে নিজেকে ধ্বংস করে। লাভের লাভ হয়তো কেবল এটুকুই হয় যে, নিজের লাশটা স্থান পায় শত্রুর লাশের ওপর।

আমরা যদি এভাবে চোখের বদলে চোখ নিতে থাকি, তাহলে পৃথিবীর সৌন্দর্য থাকবে ঠিকই, কিন্তু সেই সৌন্দর্য দেখার মতো কোনো চোখ অবশিষ্ট থাকবে না!

অথচ আমাদের এই ভারতবর্ষের অবিসংবাদিত নেতা মহাত্মা গান্ধী সমাজে অহিংসার বাণী প্রচার করে গেছেন। তিনি ভালোবাসা দিয়ে সবকিছু জয় করার পরামর্শ দিয়েছেন। গান্ধীজির মত মানলে, কেউ যদি ডান গালে চড় মারে তাহলে বাম গাল পেতে দেবে। এর ফলে একসময় তার ক্রোধ কমে আসবে। সে আর মারমুখী হবে না। পক্ষান্তরে কেউ যদি মারের বদলে মার দিতে চায়, তাহলে মারামারি চলতেই থাকবে। উভয়ের মধ্যে হিংসা সঞ্চারিত হবে। এই হিংসা প্রতিশোধস্পৃহা বাড়িয়ে দেবে। মারামারি-খুনোখুনির মাধ্যমে এর পরিণতি নির্ধারণ হবে। তবে তাতেও মারামারি-খুনোখুনি শেষ হবে না। যে মার খাবে, পরাজিত হবে, সে আবার শক্তি সঞ্চয় করে প্রতিশোধ নিতে ঝাঁপিয়ে পড়বে। এটা চলতেই থাকবে।

রক্তপাত, হিংসা, হানাহানির কারণে সমাজতান্ত্রিক বিপ্লবকে গান্ধীজি খুব একটা পছন্দ করেননি। কারণ সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে হলে বিপ্লব করতে হয়। বিপ্লবে রক্তপাতের প্রয়োজন হয়। শ্রেণিশত্রু 'খতম' করে মেহনতি মানুষের শাসন কায়েম করতে হয়। এখানেই গান্ধীজির প্রবল আপত্তি। তিনি বিপ্লব, রক্তপাত, খুন, খতম-এসব ভীষণ অপছন্দ করতেন। তিনি বিশ্বাস করতেন, রক্তপাতের মধ্য দিয়ে কখনো শান্তি প্রতিষ্ঠা করা যায় না।



হিংসা কেবলই হিংসার জন্ম দেয়। পুঁজিপতি বা বড়লোক বা শোষকদের প্রতি হিংসাপ্রবণ হয়ে মেহনতি মানুষের শাসন প্রতিষ্ঠা কখনো সফল হতে পারে না। কারণ, বড়লোকেরাও সমাজেরই মানুষ। তাদের খতম করার অভিপ্রায়ের মধ্য দিয়ে সমাজে স্থায়ী হিংসার বীজ বপন করা হয়। বড়লোকের আত্মীয়স্বজন, বংশধররা প্রতিশোধ নিতে মুখিয়ে থাকে। সুযোগ পেলে তারা ঝাঁপিয়ে পড়ে। এভাবে সমাজে হানাহানি-মারামারি অনিক চলতেই থাকে। এর বদলে গান্ধীজি চেয়েছেন অহিংস নীতি প্রতিষ্ঠা করতে। অহিংসা এবং পারস্পরিক ভালোবাসার মাধ্যমে একটি ন্যায়ভিত্তিক সাম্যের সমাজ গড়তে!

গান্ধীজি ভারতবর্ষসহ দুনিয়াজুড়ে পূজনীয় হলেও তার মতো তেমন কেউ গ্রহণ করেনি। সারা জীবন অহিংসার বাণী প্রচার করলেও তিনি নিজে নির্মমভাবে খুন হয়েছেন। অর্থাৎ হিংসার বলি হয়েছেন! আসলে দুনিয়ার মানুষগুলো বড়ই বিচিত্র। কে যে কার বাণী গ্রহণ করবেন, আর কী আচরণ করবেন, তা আগেভাগে ঠাহর করা যায় না। তবে পৃথিবীর বেশির ভাগ মানুষ গান্ধীজির মতের বিপরীতটাকেই পছন্দ করেছেন বেশি। অহিংসা নয়, হিংসাকেই বেছে নিয়েছেন জীবনের আদর্শ হিসেবে। প্রেম-ভালোবাসা নয়, হিংসা, হানাহানি-মারামারি, গালাগাল প্রতিশোধ-এগুলোই হচ্ছে এখন মানবজাতির একমাত্র সাধনা!

একজন যদি একটা গালি দেয়, অপরজন কমপক্ষে তিনটে গালি দিয়ে তার প্রতিশোধ নিতে চায়। কাউকে আপনি থাপ্পড় দিলে সে কয়েক ঘা থাপ্পড় কিল-ঘুষিসহ ফিরিয়ে দেওয়ার আন্তরিক চেষ্টা করে। আমরা সবাই যেন গোলের খেলায় মেতেছি। গোল হলে যেকোনো মূল্যে তা পরিশোধ করতে হবে। এক গোল খেলে পাঁচ গোল দিয়ে প্রতিশোধ নিতে হবে। কিন্তু ইটের জবাব সব সময় পাটকেলে দিতে নেই, উপেক্ষা করতেও জানতে হয়। উপেক্ষা করতে না জানলে দীর্ঘদিন নিরুদ্বেগে কাটানো যায় না। কেবলই খেয়োখেয়ি মারামারি করে কতক্ষণ আর টিকে থাকা যায়?

ব্রিটিশরা কিন্তু অনেক কিছু উপেক্ষা করে থাকতে পারত। তাতে করে ২০০ বছর শান্তিতে শাসন করে গেছে। কিন্তু স্বাধীন দেশে আমাদের শাসকদের সব থেকে বড় সমস্যা হলো, তাদের অভিধানে 'উপেক্ষা' শব্দটি একেবারেই নেই। আর এরই ফায়দা নিচ্ছে সুচতুর ষড়যন্ত্রকারী শক্তি।

আমাদের দেশে যারা ক্ষমতা নিয়ন্ত্রণ করে, বেশির ভাগ ক্ষেত্রেই তারা ভয়ানক প্রতিক্রিয়াশীল হয়ে থাকে। তারা কেবলই শিক্ষা দিতে চায়। কেউ যদি সামান্য মুখ ভেংচি কাটে, অমনি তারা ইটপাটকেল হাতে তেড়ে যায়। এই 'টিট ফর ট্যাট' নীতি কখনো কখনো খুব কার্যকরী হয়: কিন্তু কখনো কখনো অকারণ বিপত্তিও এরপর ৪২ পৃষ্ঠায়






# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

---

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# যেখানে প্রতিবাদ নেই

আইনের শাসন প্রতিষ্ঠা করে এবং শান্তিপূর্ণ উপায়ে সব মতাদর্শের সহাবস্থান নিশ্চিত করেই প্রকৃত পরিবর্তন আনা সম্ভব। বর্তমান প্রেক্ষাপটে সাহিত্যিকদেরও আত্মজিজ্ঞাসার সময়। তাঁরা কি শুধু উৎসব-আনন্দের বয়ানকারী, নাকি সংগ্রামেরও? তাঁদের কলম কি কেবল কাব্যমাধুর্যে ভাসবে, নাকি দ্রব্যমূল্যের চাপে পিষ্ট মানুষের আর্তনাদও তুলে ধরবে? সত্য বলার সাহস কি চিরতরে হারিয়ে গেছে, নাকি এখনো কারও মধ্যে রবীন্দ্রনাথ, নজরুল, সুকান্তের বিদ্রোহী সত্তা বেঁচে আছে? সমাজের বিবেক হিসেবে সাহিত্যিকদের জেগে উঠতেই হবে। স্বাধীনতার নামে নিঃশব্দ বন্দিত্ব বরণ করলে আগামী প্রজন্ম আমাদের ক্ষমা করবে না। সত্যের পক্ষে দাঁড়ানোর, সাহসী লেখনীতে প্রতিবাদ তোলার এবং সমাজকে সত্যিকার অর্থে আলোর পথে নেওয়ার সময় এখনই

## মাসুমা হক প্রিয়াংকা



একটি সমাজ যখন সংকটে পড়ে, তখন বুদ্ধিজীবীরা তার দিকনির্দেশক হয়ে ওঠেন। তাঁদের কাজ শুধু লিখে যাওয়া নয়; তাঁরা সমাজের আয়না, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদী কণ্ঠ। কিন্তু আমাদের সময়ে? দ্রব্যমূল্যের লাগামহীন ঊর্ধ্বগতি, বিদ্যুতের দাম বাড়ার নামে সাধারণ মানুষের কাঁধে বোঝা চাপিয়ে দেওয়া, রাজনৈতিক ও সামাজিক বৈষম্য-এসবের বিরুদ্ধে কে কথা বলছে? রাজধানীর রাজপথে কি কোনো কবি-সাহিত্যিক দাঁড়িয়েছেন প্রতিবাদী পোস্টার হাতে? কোথায় সেই গান, কবিতা, গল্প, উপন্যাস, যা সমাজের এই দুঃসহ বাস্তবতাকে তুলে ধরবে?

একসময় এমন ছিল না। ব্রিটিশ শাসনের নিগড়ে যখন এ দেশ ছিল বন্দী, তখন সাহিত্যিকদের কলম ছিল সবচেয়ে শক্তিশালী অস্ত্র। নজরুল তাঁর 'ধূমকেতু' পত্রিকার মাধ্যমে বিদ্রোহের বার্তা ছড়িয়েছিলেন, যা ব্রিটিশ সরকার এক বছরের মধ্যেই বন্ধ করে দেয়। রবীন্দ্রনাথ ঠাকুর জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে ব্রিটিশের দেওয়া 'নাইটহুড' খেতাব ফিরিয়ে দেন। দেশভাগের বেদনাকে তিনি তুলে ধরেন 'শেষ প্রশ্ন' গল্পে, যেখানে এক মায়ের আর্তনাদ ব্যক্ত হয়েছিল, 'এ কোন স্বাধীনতা?' জীবনানন্দ দাশের কবিতায় উঠে এসেছে নিঃসঙ্গ, নিঃস্ব মানুষের কথা। সুকান্ত ভট্টাচার্য তাঁর ক্ষুধার্ত শিশুদের নিয়ে লিখেছেন-'এই সব গ্লানিজনিত ধোঁয়ায় ঢাকা পৃথিবী ছেড়ে চলে যাবে একদিন সবুজের বিস্ময়ে।'

কিন্তু আজ? সমাজের অন্যায়-অবিচারের বিরুদ্ধে আমাদের সাহিত্যিকেরা কতটুকু সোচ্চার? বিদ্যুতের দাম এক মাসে তিনবার বাড়ে, চাল-ডাল-তেল কেনার সামর্থ্য মানুষের আর থাকে না, অথচ আমাদের কবিতায় প্রেম আছে, প্রকৃতি আছে, শূন্যতা আছে-কিন্তু ক্ষুধার কথা নেই, দ্রব্যমূল্যের বোঝা টানতে থাকা মানুষের দুঃখগাথা নেই। সাহিত্যের দায়বদ্ধতা কি ফুরিয়ে গেছে?

ফ্রান্সের কথাসাহিত্যিক আনি এরনো ২০২২ সালে নোবেল পুরস্কার পেয়েছেন। ৮২ বছর বয়সেও তিনি মিছিলের অগ্রভাগে হাঁটতে দ্বিধা করেননি। দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে ফ্রান্সজুড়ে যখন প্রতিবাদ চলছিল, তিনি ছিলেন রাজপথে। শুধু লেখালেখিতে নয়, তিনি তাঁর প্রতিটি কাজে দেখিয়ে দিয়েছেন, বুদ্ধিজীবীর দায়িত্ব কী। অথচ আমাদের দেশে?



কবি-সাহিত্যিকেরা কি আজ এতটাই বিচ্ছিন্ন যে সমাজের বাস্তব সংকট তাঁদের স্পর্শ করে না? তাঁরা কি ভয় পান? নাকি তাঁদের কলম সুবিধাবাদের শিকলে বন্দী?

স্বাধীনতা মানে শুধু একটি পতাকা নয়, একটি গর্বিত জাতির আত্মমর্যাদাও বটে। রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের সেই প্রশ্ন আজও প্রাসঙ্গিক-'স্বাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায়?' যদি মানুষ ক্ষুধার্ত থাকে, অধিকারহীন থাকে, যদি শাসকের অন্যায়ের বিরুদ্ধে তারা কথা বলতে না পারে, তাহলে এই স্বাধীনতার প্রকৃত অর্থ কী?

একটি সমাজ কতটা বিকশিত, তা বোঝা যায় তার সাহিত্যিকদের লেখা দেখে। সমাজের আয়না যদি ধুলা জমে অস্পষ্ট হয়ে যায়, তাহলে সত্য প্রতিফলিত হবে কোথায়? একসময় সাহিত্যের শক্তিই ছিল সমাজ বদলের হাতিয়ার। আজ সাহিত্যের কাজ কি শুধুই বিনোদন দেওয়া? নাকি এখনো সে সমাজের বিবেক হয়ে উঠতে পারেনি?

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ এক নতুন রাজনৈতিক বাস্তবতার মধ্য দিয়ে যাচ্ছে। রাজনীতিতে পক্ষ-বিপক্ষ মতামত থাকতেই পারে, এক পক্ষের অবস্থান অন্য পক্ষের কাছে বর্জনীয় হলেও প্রতিকারের পথ হতে হবে আইনসংগত ও যুক্তিসংগত। ব্যক্তিগত বা গোষ্ঠীগত ক্রোধকে জাতীয় স্বার্থের সঙ্গে মেলানো যায় না। আমরা দেখছি, রাজনৈতিক প্রতিহিংসার কারণে বহু স্থাপনা ও প্রতীক ধ্বংস করা হচ্ছে, কিন্তু ইতিহাস বলছে, এসব ধ্বংসযজ্ঞের শেষ পরিণাম কখনো শুভ হয়নি।

অন্তর্বর্তী সরকারের দায়িত্ব হলো জনগণের নিরাপত্তা নিশ্চিত করা, ইতিহাস ও ঐতিহ্য রক্ষা করা এবং দেশের ভেতর নতুন করে সংঘাতের উপাদান সৃষ্টি না করা। সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, শেখ হাসিনা মানবতাবিরোধী অপরাধের মামলার ওয়ারেন্টভুক্ত আসামি। যদি তা-ই হয়, তবে তাঁর বিচারের জন্য আন্তর্জাতিক আইনের সুষ্ঠু প্রয়োগই হওয়া উচিত। তাঁর রাজনৈতিক বক্তব্য মোকাবিলা করতে হলে প্রয়োজন ন্যায়সংগত এবং রাজনৈতিকভাবে পরিপক্ব প্রতিক্রিয়া।

উপদেষ্টা মাহফুজ আলম বলেছেন, 'ভাঙার প্রকল্প থেকে সরে এসে গড়ার প্রকল্প হাতে নেওয়া উচিত।' এটি অত্যন্ত সময়োপযোগী কথা। রাষ্ট্রব্যবস্থায় পরিবর্তন বা শুদ্ধি অভিযান প্রয়োজন হতে পারে, কিন্তু তা যদি সহিংস হয়ে ওঠে, তাহলে সেটি কোনো ইতিবাচক ফল বয়ে আনবে না। বরং এর ফলে রাজনৈতিক পরিবেশ আরও জটিল হবে, সামাজিক স্থিতিশীলতা নষ্ট হবে এবং জনগণের মধ্যে বিভাজন আরও গভীর হবে।

জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানের মূল চেতনা ছিল ন্যায়বিচার প্রতিষ্ঠা ও গণতন্ত্র পুনরুদ্ধার। সেই চেতনার পরিপন্থী কোনো কর্মকাণ্ডই গ্রহণযোগ্য হতে পারে না। ইতিহাস সাক্ষী, রাজনৈতিক প্রতিহিংসা ও প্রতিশোধের রাজনীতি কোনো দেশকে এগিয়ে নিতে পারেনি। বরং জাতিকে একত্র করে, আইনের শাসন প্রতিষ্ঠা করে এবং শান্তিপূর্ণ উপায়ে সব মতাদর্শের সহাবস্থান নিশ্চিত করেই প্রকৃত পরিবর্তন আনা সম্ভব।

বর্তমান প্রেক্ষাপটে সাহিত্যিকদেরও এরপর ৩৬ পৃষ্ঠায়

# বাংলাদেশের রাজধানী কি ঢাকা থেকে সরিয়ে নেওয়া উচিত

## সাদিয়া সুলতানা

রাজধানী একটি দেশের প্রশাসনিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক কেন্দ্র। বাংলাদেশের রাজধানী ঢাকা একটি প্রাচীন ও ঐতিহাসিক নগরী, যা দীর্ঘদিন ধরে দেশের রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রশাসনিক কর্মকাণ্ডের মূল কেন্দ্র হিসেবে ভূমিকা পালন করছে। তবে বর্তমান সময়ে ঢাকার ওপর প্রচণ্ড জনসংখ্যার চাপ, যানজট, পরিবেশদূষণ ও অবকাঠামোগত সমস্যার কারণে অনেকেই রাজধানী সরিয়ে নেওয়ার পক্ষে মত দিচ্ছেন। অন্যদিকে, অনেকে মনে করেন যে রাজধানী পরিবর্তন করা ব্যয়বহুল ও কঠিন হবে। তাই এ বিষয়ে গভীর বিশ্লেষণ প্রয়োজন।

ধারণক্ষমতার চেয়ে কয়েক গুণ বেশি মানুষের চাপে হাঁসফাঁস করছে রাজধানী ঢাকা। এই চাপ কমাতে কিছু একটা করতেই হবে। হোক তা রাজধানী স্থানান্তরের মাধ্যমে, কিংবা আমাদের প্রশাসনিক খাতগুলোকে দেশের অন্যান্য অঞ্চলে বিকেন্দ্রীকরণ করে।

ঢাকা বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ শহর। সরকারি-বেসরকারি সব ধরনের কর্মকাণ্ড ঢাকাকেন্দ্রিক হওয়ায় দেশের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ এখানে আসেন। যদি রাজধানী অন্যত্র সরিয়ে নেওয়া হয়, তাহলে ঢাকার ওপর এই চাপ কমবে। ঢাকার সবচেয়ে বড় সমস্যা হলো যানজট। প্রতিদিন লাখ লাখ মানুষ কর্মস্থলে যাওয়া-আসার সময় প্রচণ্ড যানজটে আটকে থাকেন, ফলে অর্থনীতি ও উৎপাদনশীলতা ক্ষতিগ্রস্ত হয়। পাশাপাশি ভয়াবহ বায়ুদূষণ তো আছেই।

ঢাকা শহরের পুরোনো ও অপরিকল্পিত অবকাঠামো নতুন প্রযুক্তি ও নগর পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। কিন্তু নতুন একটি পরিকল্পিত রাজধানী তৈরি করা হলে আধুনিক সুযোগ-সুবিধা, প্রশস্ত রাস্তা, উন্নত গণপরিবহন ব্যবস্থা ও পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে।

২০২২ সালে ইন্দোনেশিয়ার পার্লামেন্ট ঘোষণা দেয়, তারা তাদের রাজধানীকে জাকার্তা থেকে বোর্নিও দ্বীপের একটি নতুন শহর নুসানতারায় সরিয়ে নিয়ে যাবে। জাকার্তা জাভা দ্বীপে অবস্থিত। জাভা দ্বীপে রাজধানী থাকায় এখানেই ইন্দোনেশিয়ার জনসংখ্যার প্রায় ৬০ শতাংশ বসবাস করেন। দেশটির অর্থনৈতিক কর্মকাণ্ডের অর্ধেকের বেশি জাভাতেই হয়। অথচ কালিমান্তান দ্বীপটির আয়তন জাভার তুলনায় চার গুণ।

এই সিদ্ধান্ত গ্রহণের পেছনে দেশটির পার্লামেন্ট বেশ কিছু কারণ উল্লেখ করেছে। সেসব কারণের মধ্যে জাকার্তার উচ্চ জনসংখ্যার ঘনত্ব, বন্যার ঝুঁকি, ভূগর্ভস্থ পানির স্তর দ্রুত নেমে যাওয়াসহ ইত্যাদি।

প্রায় একই সময়ে মিসরের সরকারও সিদ্ধান্ত নিয়েছে কায়রোর ৪৫ কিলোমিটার পূর্বে একটি নতুন রাজধানী গড়ে তোলার। দেশটির বর্তমান রাজধানী প্রায়ই তীব্র যানজটে নাকাল হয়ে পড়ে। এমন যানজটের নেপথ্যে রয়েছে রাজধানীতে বিভিন্ন মন্ত্রণালয় ও প্রশাসনিক ভবনের অবস্থান। জাকার্তা বা কায়রোর অবস্থার সঙ্গে খুব সহজেই মিল খুঁজে পাওয়া যায় বাংলাদেশের রাজধানী ঢাকার।

ঢাকাতেও ক্রমাগত ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাচ্ছে (যদিও অবস্থা জাকার্তার মতো অতটা খারাপ নয়)। এ শহরের বাতাসকে শ্বাস গ্রহণের অনুপযোগীই বলা চলে। শহরের 'লাইফলাইন' হিসেবে বিবেচিত নদীগুলো এত বেশি দূষণের শিকার হয়েছে যে সেগুলোর অবস্থা পুনরুদ্ধারের আশাও এখন ম্লান হয়ে পড়েছে। আর যানজটে স্থবির হয়ে যাওয়ার বিষয়টি তো আছেই। দেশের ১৭ কোটি মানুষের যেন একমাত্র কর্মসংস্থানের জায়গা ঢাকা। প্রচলিত সব পণ্যের পাইকারি বাজার, ছোট-বড় শিল্প-কলকারখানা, প্রশাসনিক কর্মকাণ্ড-সবই ঢাকাকেন্দ্রিক। মানুষের জন্য শহরে ২৫ শতাংশ হারে রাস্তা, ১০ শতাংশ খোলা জায়গা, ১৫ শতাংশ বৃক্ষ থাকার কথা। কিন্তু সেসবের কোনো কিছুই যথার্থভাবে নেই।



বড় একটি ভূমিকম্প হলে রীতিমতো ধ্বংসস্তূপে পরিণত হবে ঢাকা শহর। সবচেয়ে বড় কথা, এমনটি হলে ঢাকার রাস্তাগুলো পরিষ্কার করতে সময় অনেক মাস। এমনকি প্রশাসনিক কার্যক্রম ও ধ্বংসস্তূপের মধ্যে চাপা পড়ে যাবে, যে কারণে দেখা দেবে বিশৃঙ্খলা। সুতরাং ড্যাপ বাস্তবায়নের মাধ্যমে এসব সমস্যার সমাধান কতটা ফলপ্রসূ হতে পারে, তার বিশ্লেষণ করা আবশ্যক। ঢাকাকে বাসযোগ্য ও আধুনিক নগরীতে পরিণত করতে হলে দেশের প্রশাসনিক রাজধানী স্থানান্তর করার সিদ্ধান্ত অবিলম্বে গ্রহণ করা উচিত।

এমন জনবহুল শহরে বিনিয়োগ করলেও সেখান থেকে লাভ আসে অতি নগণ্য। তাই এ ধরনের শহরের অবকাঠামোয় সরকার যতই মেট্রোরেল, সাবওয়ে বা এলিভেটেড এক্সপ্রেসওয়ে যোগ করুক না কেন, বিকেন্দ্রীকরণ ছাড়া কোনোভাবেই এসব বিনিয়োগ আশানুরূপ ফল বয়ে আনবে না। অর্থনৈতিক লাভ বৃদ্ধি কিংবা দীর্ঘ মেয়াদে কর্মসংস্থান সৃষ্টি, সব ধরনের ফলাফলই প্রত্যাশা পূরণে ব্যর্থ হবে।

তাই স্বভাবতই প্রশ্ন জাগে: ঢাকাকে দিয়ে যেহেতু এই রাষ্ট্রের কার্যক্রম ঠিকভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে না, তাহলে কি আমাদের উচিত মিসর, ইন্দোনেশিয়া, মিয়ানমার প্রভৃতি দেশের দেখানো পথ অনুসরণ করে দেশের রাজধানী ঢাকার বাইরে কোথাও সরিয়ে নিয়ে যাওয়া?

কার্যত, ঠিক তা নয়।

নতুন রাজধানী গড়ে তুলতে বিশাল এরপর ৪০ পৃষ্ঠায়




রাজধানী ইয়াঙ্গুন থেকে নেপিডোতে সরিয়ে নিয়েছে সাধারণ জনগণের থেকে সামরিক সরকারকে রক্ষার উদ্দেশ্যে। তা ছাড়া রাজধানী শহরকে এক জায়গা থেকে অন্য জায়গায় সরিয়ে নেওয়া ভীষণ ব্যয়বহুলও বটে। যেমন বিভিন্ন প্রতিবেদন থেকে জানা যাচ্ছে, নতুন একটি শহরে রাজধানী প্রতিষ্ঠা করতে ইন্দোনেশিয়ার খরচ হবে প্রায় ৩২ বিলিয়ন ডলার আর মিসরের সম্ভাব্য খরচ প্রায় ৪৫ বিলিয়ন ডলার। সেদিক থেকে চিন্তা করলে বাংলাদেশকেও তেমন কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে সবিস্তারে লাভ-ক্ষতির বিচার-বিশ্লেষণ করে নিতে হবে। এর অর্থ, আমাদের উচিত প্রশাসনিক খাতগুলোকে ক্রমান্বয়ে বিকেন্দ্রীকরণ করা। এ ক্ষেত্রে কোনো নির্দিষ্ট মন্ত্রণালয় বা প্রশাসনিক খাতকে এমন কোনো অঞ্চলে নিয়ে যাওয়া উচিত, যে অঞ্চলের সঙ্গে সেগুলোর অবস্থান সংগতিপূর্ণ

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯+**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত





SAUDI ARABIAN AIRLINES

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · Emirates · QATAR AIRWAYS · KUWAIT AIRWAYS




## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ



মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com


NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025


NY CAR & LIMO
SERVICES INC
NY
CAR & LIMO
SERVICES INC.
BO2902
BLACK & GREEN CAR BASE
718 727 4444


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
ABC-1234
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# Immigrant Elder Home Care LLC.

Home Care

# হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী
বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের
সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308

# এ সপ্তাহের কবিতা



## আত্মঘাতি মানুষ
### মনিজা রহমান

পৃথিবীটা আশ্চর্য সুন্দর আত্মঘাতি।
এর মধ্যেই আছে প্রাণের বীজ
আছে প্রাণের বিষও।
তার চেয়েও বেশি আত্মঘাতি মানুষ।

মানুষই মানুষের জন্ম-দ্যোতক
আবার মানুষই হত্যা করে মানুষকে,
হত্যার পরে বিচার করে
বিচার করে শাস্তি দ্যায় ভুল মানুষকে।

মানুষই বন্দি করে  মানুষকে,
এবং পরাধীন করে
সেই পরাধীনতা থেকে মুক্তির জন্য
মানুষই রাস্তায় নামে।

মৃত্যুর পরে লাশ নিয়ে মানুষ রাজনীতি করে।
মানুষের সাথে বৈষম্য তৈরি করে অন্য কেউ নয়।
বৈষম্যের দেয়াল ভাঙারও উদ্যোক্তা মানুষই ।

মানুষ মানুষের সম্পদ লুট ক'রে নিশ্চিন্তে স্বপ্ন দ্যাখে।
মানুষ লোভী-পুরো আকাশ চায়,
আকাশের নিচে যা আছে সবই।
সম্বরণ করতে পারে না কোনো ক্ষুধা।

নিযুত বছরে মানুষ কয় কদম এগিয়েছে?
বাইরের মসৃণতা বেড়েছে বটে,
ভেতরে জমেছে কোলস্টেরল
বিদ্যুৎ বাতিতে আলোকিত নগর-বন্দর,
অন্দরে আদিম অন্ধকার।

সে প্রতি মুহূর্তে খুন করছে অন্যকে।
অন্যকে কি খুন করা যায়?
আসলে মানুষ খুন করে নিজেকেই।

মানুষকে কীভাবে ব্যাখ্যা করবে, হে মানুষ?
কারণ প্রতি মুহূর্তে মানুষ নিজে
হরণ করে মনে মনে।

লেখক: কবি, নিউইয়র্ক।



## গেরিলা স্মৃতি
### জাফর ওবায়েদ

হিংসের গজিয়েছে শিং, প্রতিশোধের পাখনা।
আধিপত্যের সুতীক্ষ্ণ দাঁত দীর্ঘ হতে হতে শহর বন্দর ছাপিয়ে
পৌঁছে গেছে পাড়াগাঁয়ে।

রুমান সাহেবের টং দোকানেও আজকাল বসে যায় মিনি সংসদ
ওখানেও প্রণীত হয় কত শত আইন
বহুবিধ রাজনীতি-অভিধান।

দেহে দাবানল জ্বেলে যারা আসে, তাদের কেউ কেউ
ক্ষমতার ধার নখে ছিঁড়ে ফেলে রাষ্ট্রের জীবন
কেউ কেউ ছুঁড়ে ফেলে সমুদ্রে।

রুমান আলীর চোখে গেরিলা দিনের অম্লান স্মৃতি, আর
শহীদ সহোদর ও ধর্ষিতা বোনের মুখ সিনেপরদার মতো ভাসে।

লেখক: কবি, মিশিগান।






## একুশ শেখায়
### সুজন দাশ

একুশ আমার ভাষার দাবি মাতৃভাষার মান,
জাগায় আমায় চেতন বোধে বিপ্লবে দেয় শান!
অনিয়ম আর অবিচারে,
একুশ আসে গর্বে দ্বারে:
দেয় প্রেরণা চলার সাহস শোনায় আশার গান।

একুশ আমার মন কাননে ভাষার ফোটা ফুল,
চিনি জগত হাত ধরে তার নেই কোনো তার তুল!
শহীদ স্মৃতির অমর গাঁথা,
শ্রদ্ধাতে হয় নত মাথা!
পেলাম স্বদেশ স্বাধীনতা রবীন্দ্র নজরুল।

একুশ আমায় ঐক্য শেখায় সাম্যে দেখায় পথ,
মানতে বলে পরস্পরের ভিন্নতা আর মত!
সংস্কৃতি আর কৃষ্টি বাঁচায়,
ভাব ও ভাষার পুচ্ছ নাচায়!
স্বকীয়তায় চলতে শেখায় ন্যায়ের টানে রথ।

একুশ আমার বর্ণমালায় দেয় যে মায়ের ঘ্রাণ,
বলতে পারি মনের কথা দেয় জুড়িয়ে  প্রাণ!
আউল বাউল মাঝির গানে,
ভালোলাগার পরশ আনে!
হৃদয় পারে দেয় বহিয়ে আলো খুশির বান।

লেখক: কবি, নিউজার্সি।





## একুশ মানেই
### মোহাম্মদ আব্দুল আজিজ

একুশ মানে বর্ণমালা
লক্ষ প্রাণের শপথ,
একুশ মানে রক্তভেজা
ঢাকার রাজপথ।

একুশ মানে কান্নার রোল
ঝরে যাওয়া ফুল,
একুশ মানে টিকিয়ে রাখা
বাংলা ভাষার মূল।

একুশ মানে মিছিল-মিটিং
গোপন সমাবেশ,
একুশ মানে ভাষার তরে
উত্থাল বাংলাদেশ।

একুশ মানে রফিক, শফিক
ভাই হারানো গান,
একুশ মানে ভাষার জন্য
জীবন বলিদান।

একুশ মানে প্রভাতফেরি
শহিদের গান গাওয়া,
একুশ মানে শহিদমিনার
ফুলে ফুলে ছাওয়া।

একুশ মানে শত্রু হটাও
ফুলস্বরূপ যা,
একুশ মানেই 'বাংলা ভাষা'
'বাংলা' আমার মা।

লেখক: কবি, নিউইয়র্ক।



## উর্বর ফাগুন সময়
### বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

দক্ষিণা হাওয়ায় উড়ে
মাতাল বিহগ,
দীঘির জলে ভ্রমর
পত্র খেলা বন্ধ করে-
করে সুড়ঙ্গ পাতাল।

উন্মনা রাত্রি মুগ্ধতার
ঢিল ছুড়ে বসন্ত দ্বারে,
আকাশনীলা অভিমান ভুলে
রৌদ্রদীপ্ত হাসিতে নৃত্যকার
বুকে নিবেদন করে মধুর আবেশ।

সুর তোলা কচি-পল্লবিত শাখে
গান ধরে বসন্তবৌরি,
ভোরের দিগন্তে আঁকে
প্রজাপতি রঙিন স্বপন।


রাধাচূড়া আর কৃষ্ণচূড়া
কপোলে কপোল ঘেষে
পাঁপড়ি মেলে হাওয়ায় হাওয়ায়,
ফাগুনবৌ পরাগ মাখে
তার আপন কপোলে
বড্ড সোহাগী মায়ায়।

ভিতর-বাহিরটা যেন
ভীষনভাবে হেসে উঠে
শুধু শুধু অকারনে।

কেননা-
সকল দূরত্বের ঝাঁপি সরিয়ে
বাসন্তিকা আজ আমার দ্বারে
তোমার পরশখানি আমার
পিয়াসি মনে মাখবে বলে।

ষোড়শী পুষ্প-কামনায়
সুবাসে তাই-
উর্বর ফাগুন সময়।

লেখক: কবি, নিউইয়র্ক।







## ভ্যালেন্টাইনস ডে
### মোহাম্মদ মহিবুর রহমান

আমাদের পৃথিবী সুন্দর ও মায়াময়,
একে ছেড়ে যেতে চায়না কেউ, থাকতে চায় সবসময়।
দিনেদিনে ভালোবাসা ও মায়া বাড়ে
মানুষ থাকতে চায় অনন্তকাল ধরে।

বিশ্বজুড়ে সারাবছর চলে নানা আয়োজন
কখনো তা উৎসব আবার কখনো তা প্রয়োজন।
বছরের বিভিন্ন সময়ে বিশেষ দিনগুলো আসে
জাতি-ধর্ম-বর্ণ ভুলে সবাই উদযাপনে মিলেপাশে।

ফেব্রুয়ারি মাস আসে ভালোবাসার সাজে
প্রেমিক-প্রেমিকা অপেক্ষায় কখন রাত বারোটা বাজে।
চৌদ্দই ফেব্রুয়ারি বাজে ভ্যালেন্টাইনস ডে'র সুর
প্রতিবছর ভ্যালেন্টাইন ডে আসে হৃদয়ে ভরপুর।

ভালোবাসার বাঁশিবাজে হৃদয়ে
হাতে হাত রাখে, মিশে যায় দুটি প্রাণ এক হয়ে।
কুলেল শুভেচ্ছায়, ডানামেলে উড়ে ভালোবাসার কথায়
রঙিন হয়ে ওঠে কারো কারো এই বিশেষ দিন সর্বদায়।

লেখক: কবি, নিউইয়র্ক।



## ভালোবাসার ছন্দমালা
### সুব্রত চৌধুরী

ভা
তোমার ডাগর চোখে যখন
আটকে আমার দৃষ্টি,
মনের মাঝে উথালপাতাল
ভালোবাসার সৃষ্টি।

লো
তোমার কাছে ভালোবাসা
ফেরি করি শুধু,
তুমি বিনে মনটা আমার
শুষ্ক মরু ধু ধু।

বা
হীরে মুক্তো চাই না আমি
ভালোবাসাই খুঁজি,
প্রেমের লকার ভরতে আমার
ভালোবাসাই পুঁজি।

সা
অঙ্গন জুড়ে ফুলের গন্ধে
অভিসারী বাতাস,
কোকিলকণ্ঠীর কণ্ঠে ঝরে
ভালোবাসার উচ্ছ্বাস।

লেখক: কবি, নিউজার্সি।



# NYC advocates condemn Mayor Adams' stance on sanctuary policies

Ajkal Desk

New York City advocates and politicians are pushing back against Mayor Eric Adams' new guidance for shelter workers on cooperating with visiting federal immigration officers if they "reasonably feel threatened."

Sent to shelter providers by City Hall in a Jan. 13 memo, the new instructions directed staff at nonprofit-run migrant shelters and other city-related facilities to comply with visiting federal immigration officers if, at any time, they fear for their safety or the safety of those around them. Immigration advocates and lawmakers said the directive invites ICE to enter shelters, violating the city's sanctuary protections.



"If, at any time, you reasonably feel threatened or fear for your safety or the safety of others around you, you should give the officer the information they have asked for (if available to you) or let them enter the site," the memo said.

The guidance, first reported by local outlet Hell Gate, marks a departure from previously issued instructions that stressed these protections, which bar city workers and resources from being used to further federal immigration enforcement.

At a rally protesting the move on Sunday, Ana Maria Archila, co-director of the New York Working Families Party, said the policy change will prompt federal officers to be more forceful in their approach.

"Eric Adams sent a guidance to city workers encouraging them to give away the power that the law has granted them," Archila said. "Encouraging ICE officers to be aggressive, to intimidate our city workers."

On Sunday, Department of Education Chancellor Melissa Aviles-Ramos posted on social media urging parents to continue sending their children to school.

"We unequivocally stand with all children in our city regardless of immigration status," Aviles-Ramos said. "We want to be very clear, our policies have not changed, as always non-local law enforcement is not permitted in any of our schools buildings without a judicial warrant or unless there are exigent circumstances." We unequivocally stand with all children in our city regardless of immigration status.

We want to be very clear—our policies have not changed.

City Hall spokesperson Kayla Mamelak previously said that New York City was not instructing employees to automatically cooperate with federal law enforcement, but was providing guidance on how to handle ICE visits to shelters or other city sites. She said the city was prioritizing the safety of both employees and those in their care, urging workers not to interfere with law enforcement if they continue their actions.

"Let's be very clear: anyone perpetuating the claim that New York City is instructing city employees to simply open doors for federal law enforcement, including ICE, is spreading misinformation that only fuels anxiety within immigrant communities and our city's workforce," Mamelak said on Sunday. "The legal guidance sent out on January 13th outlines a series of steps for city workers on how to respond to non-local law enforcement attempting to enter city property."

She continued, "This includes asking for an agent's credentials, asking for a warrant, and contacting the agency's general counsel. Prior to and following the issuance of this guidance, we had been in constant communication with our city agencies, where we discussed numerous hypotheticals, including if law enforcement were to be in pursuit of a violent criminal, and used this guidance to inform how to respond."

Critics accused Adams of "cozying up" to President Donald Trump, an accusation that has resurfaced amid rumors of a potential pardon for the mayor, who is facing multiple investigations.

"It's clear, Mayor Eric Adams does not respect our laws," Murad Awawdeh, president and CEO for New York Immigration Coalition Action, said in a statement. "It's one thing for Adams to waffle on his commitment to New York City's sanctuary policies while cozying up to Trump. It's entirely another when he sanctions his agency staff and City employees to completely disregard those same local laws when it suits them."

Speaking Sunday on WABC's "Tiempo," Adams said immigrants in New York City shouldn't let "rumors" of ICE raids create fear or interfere with their daily lives.

"We're hearing over and over rumors of ICE raiding schools, didn't happen. We're hearing over and over again, ICE raiding shelters, didn't happen. And so we have to ask ourselves, who's feeding the hysteria?" he said. "My message has been clear: students go to school. If you need medical care, go to the hospitals. If you're the victim of a crime, go to report to the law enforcement entity."

Adams also said city employees can't "get in the way" of federal officers pursuing criminals.

"If an ICE officer responds to go after a person who committed a serious crime and they're there and others are there that are undocumented, they're going to carry out, they have the responsibility to carry out their job as immigration officials," he said. "I don't determine that. And I cannot have any city employee that will get in the way of them carrying out their job as a federal authority."




## Bangladesh calls for renewed global commitment to financing and technology transfer for inclusive social development

Ajkal Desk

Ambassador Salahuddin Noman Chowdhury, Bangladesh's Permanent Representative to the United Nations called for a reformed international financial system and enhanced technology support to address critical social development needs. Speaking at the sixty-third session of the Commission for Social Development
(CSocD63) at the UN Headquarters in New York on 11th February. He emphasized the importance of international cooperation in bridging existing gaps for sustainable and inclusive development.

Ambassador Chowdhury also highlighted Bangladesh's key national initiatives under the current interim government led by Dr. Muhammad Yunus, prioritizing inclusive policies to advance social development. Referring to the Government's thrust in eliminating poverty, unemployment and net carbon emission, the Permanent
Representative also outlined Bangladesh's efforts to address impacts on climate change through adaptation and mitigation programs in spite of its resource constrains.

He also stressed the need for renewed global commitments in financing, technology transfer and capacity-building for creating a just, inclusive and resilient future.

